# গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**গাজীপুর সিটি কর্পোরেশনের ১১.১১.২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিষদের ৯ম মাসিক সভার কার্যবিবরণীঃ-**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম<br>মেয়র,<br>গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, গাজীপুর সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | ঃ | ১১.১১.২০১৯ খ্রিঃ, রোজ সোমবার। |
| সভার সময় | ঃ | বেলা ১১:০০ ঘটিকা। |

**<u>সভায় উপস্থিত/অনুপস্থিত কাউন্সিলরবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"</u>**

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা:) সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্য সূচির আলোকে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় ঃ-

আলোচ্যসূচী -০১ ঃ **বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :-**

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১. | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা:) জনাব মো: মোস্তাফিজুর রহমান বিগত মাসিক সভার কার্যবিবরণী সভায় পড়ে শুনান। | বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে উহা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

আলোচ্যসূচী -০২ ঃ চলমান বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিষয়ে আলোচনা;

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০২. | সভাপতি মহোদয় সভাকে জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর দেয়া বরাদ্দকৃত অর্থের দ্বারা ইতিমধ্যে গাজীপুর সিটি কর্পোরেশনের ব্যাপক উন্নয়নমূলক কাজ শুরু হয়েছে। এলাকার জনগন, ব্যবসা প্রতিষ্ঠান, শিল্প প্রতিষ্ঠানের বিষয়গুলি বিবেচনায় রেখে রাস্তাঘাট প্রশস্থকরা এবং অন্যান্য উন্নয়নমূলক কাজ করা হচ্ছে। রাস্তা প্রশস্থকরণের ফলে জনগন উপকৃত হবে। সভাপতি মহোদয় সভাকে জানান যে, উন্নয়নের ক্ষেত্রে সাবেক ইউনিয়ন পরিষদ গুলোকে গুরুত্ব দেয়া হয়েছে। প্রতিটি এলাকার উন্নয়নের বিষয়ে সংশ্লিষ্ট কাউন্সিলরগনের সহযোগিতা প্রয়োজন। এলাকার উন্নয়নের স্বার্থে রাস্তা প্রশস্থকরণ ও অন্যান্য বিষয়ে স্থানীয় জনগনকে আগ্রহী করে তুলতে হবে। এ প্রসঙ্গে উপস্থিত কাউন্সিলরগন জানান যে, রাস্তা প্রশস্থকরণ ও এলাকার উন্নয়নের | সিদ্ধান্ত- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:-<br>ক) সিটি কর্পোরেশনের উন্নয়নের স্বার্থে রাস্তা প্রশস্থকরণের কাজে সার্বিক সহযোগিতা ও উন্নয়ন কাজ তদারকি করার জন্য ওয়ার্ড কাউন্সিলরগনকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) চলমান উন্নয়নমূলক কাজের গুনগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করার জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) নিম্নে বর্ণিত প্রকল্পগুলো অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

| | | |
|---|---|---|
| | বিষয়ে স্থানীয় জনগনের কোন দ্বিমত নেই। স্বল্প কিছু মানুষ এতে অসহযোগিতা করে থাকেন। সাধারণ মানুষ রাস্তা প্রশস্থকরণ চায়। মাননীয় মেয়র মহোদয়কে এ বিষয়ে সার্বিক সহযোগিতার আস্বাস প্রদান করেণ। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় আরও জানান যে, শীত মৌসুমের মধ্যেই প্রয়োজনীয় উন্নয়ন কাজ শেষ করতে হবে। তিনি এ বিষয়ে প্রকৌশল বিভাগকে প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। মাননীয় মেয়র সভায় আরও জানান যে, বর্তমান পরিষদ শপথ নেয়ার সময় ২৪০ কোটি টাকার ঋন ছিল। ইতিমধ্যে ১৫০ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। আরও ৯০ কোটি টাকার ঋন রয়েছে। তিনি কাজের গুনগত মান ঠিক রেখে সংশ্লিষ্ট কাউন্সিলরের সুপারিশ নিয়ে চূড়ান্ত বিল পরিশোধের জন্য অনুরোধ করেণ। | |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১. | লক্ষিপুরা বেসরকারী প্রাথমিক বিদ্যালয় দ্বিতলা ভবন নির্মাণ করণ। | ৭৬,০০,০০০/- |
| ২. | কাশিমপুর বিএডিসি মোড় হতে শ্রীপুর সংযোগ সড়ক (মাদার টেক্সটাইল পর্যন্ত) আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ প্রকল্পে মিডিয়ানসহ এইচবিবি করন চেইনেজ (০০+০০০-৪+৫০০) | ১,৮৭,৮২,০৯১/- |
| ৩. | জিতার মোড় হতে পশ্চিম দিকে জিরানী বাজার পর্যন্ত আরসিসি/কার্পেটিং রাস্তা (৬.৭৫কিঃমিঃ) নিমার্ণ প্রকল্পে মিডিয়ানসহ এইচবিবি করন চেইনেজ (০০+০০০-৬+৭৫০) | ২,৯৪,৩৪,০০৬/- |
| ৪. | উত্তর খাইলকুর গণকবরস্থান আর.সি.সি বাউন্ডারী ওয়াল ও মাটি ভরাট কাজ। | ৫০,৮৮,৮৭০/- |
| ৫. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে মানুষ দ্বারা বাংলাদেশের জাতীয় পতাকার মাঝখানে বঙ্গবন্ধুর ছবি তৈরী করে তা Guinness World Records অন্তর্ভূক্ত করণ সংক্রান্ত। | ২৩,৯১,২০০/- |
| ৬. | মৈরাণ এসফল্ট প্লান্ট সাইটের জন্য র্বারবেট ওয়ার দ্বারা ঘেড়া সহ সাইট ইমপ্রপমেন্ট এবং ইচ বি বি রাস্তা নির্মাণ। | ২,১০,০৯,০৭২/- |
| ৭. | (ক) টিএন্ডটি বাউন্ডারী ওয়াল নির্মাণ। (খ) বাসন ভোগড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ।<br>(খ) ঢাকা-ময়মনসিংহ রোড হইতে রামপ্রসাতদ এর বাড়ী পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ৭৩,৯৩,৭৩৪/- |
| ৮. | গাজীপুর সিটি কর্পোরেশনের জোন-০৩ এ মাননীয় মেয়য় মহোদয়ের অফিসের ডেকোরেশন, ফার্ণিচার ক্রয়, এসি ক্রয় ও স্থাপন এবং অন্যান্য রুমের রং করণ কাজ। | ৬৬,৩৩,০৫০/- |

| | | |
|---|---|---|
| **৩. রাজস্ব বিষয়ক আলোচনাঃ**<br>সভাপতি মহোদয় জানান যে, সিটি কর্পোরেশনের নিজস্ব আয় বৃদ্ধি করার জন্য রাজস্ব বিভাগের হোল্ডিং কর আদায়, লাইসেন্স | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ- | |

৬২১

| | | |
|---|---|---|
| ফি আদায়, হোল্ডিং নির্ধারণ ইত্যাদির কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করার জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগ দেয়া হয়েছে। ফলে নতুন এসেসমেন্ট কাজ ইতিমধ্যে শেষ হয়েছে এবং নতুনভাবে হোল্ডিং কর আদায় শুরু হয়েছে। আদায় আরও বৃদ্ধি পাবে মর্মে আশা করা যাচ্ছে। | ক) ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ের কর্মচারীদেরকে অন্তভূক্ত কওের রাজস্ব আদায় বৃদ্ধি করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) বকেয়া হোল্ডিং কর এবং বকেয়া লাইসেন্স ফি আদায় কার্যক্রম জোরদার করার সর্বস্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |

০৪. বিভিন্ন রাস্তা ঘাট ও ড্রেন জরুরী ভিত্তিতে মেরামত প্রসঙ্গে আলোচনা;

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান যে, অতিবৃষ্টির কারনে অনেক রাস্তা নষ্ট হয়েছে। এছাড়া আরও কিছু কাজ জরুরীভাবে করা প্রয়োজন যেমনঃ পানি সরবরাহ, আবর্জনা অপসারণে যানবাহনের কাজ ইত্যাদি জরুরী ভিত্তিতে করা প্রয়োজন। এ বিষয়ে উপস্থিত কাউন্সিলগণ একমত পোষন করেন। এ বিষয়ে মাননীয় মেয়র মহোদয় জরুরী ভিত্তিতে RFQ এর মাধ্যমে কাজগুলি বাস্তবায়নের পরামর্শ দেন। মাননীয় মেয়র মহোদয় সভায় জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশন ৩২৯.৫৩ বর্গ কিলোমিটার এরিয়া নিয়ে গঠিত। এখানে প্রায় ৪০ লক্ষ লোক বসবাস করে। প্রায় ৫০০০ মিল/ফ্যাক্টরী আছে। অনেক সময় জরুরী কার্যক্রম পরিচালনার জন্য RFQ এর মাধ্যমে কিছু কাজ করতে হয়। | (০১) নিম্নে বর্ণিত উপ-প্রকল্পগুলি জরুরী ভিত্তিতে RFQ এর মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১. | ২০১৯-২০২০ অর্থ বছরে ছাপার মালামাল সরবরাহ করণ (১৩তম অংশ)। | ৪,৯৭,৮২৫/- |
| ২. | ২০১৯-২০২০ অর্থ বছরে ছাপার মালামাল সরবরাহ করণ (১৪তম অংশ)। | ৪,৯৮,৫০০/- |
| ৩. | ২০১৯-২০২০ অর্থ বছরে ছাপার মালামাল সরবরাহ করণ (১৫তম অংশ)। | ৪,৯৮,৫০০/- |
| ৪. | ২০১৯-২০২০ অর্থ বছরে ছাপার মালামাল সরবরাহ করণ (১৬তম অংশ)। | ৪,৯৮,৫০০/- |
| ৫. | কলমেশর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বাউন্ডারী ওয়াল নির্মাণ করণ। | ৪,৯৭,৫০০/- |
| ৬. | নারায়নকুল জাপান ড্রিম মডেল স্কুলের সামনের রাস্তা মেরামত কাজ। | ৪,৫০,০০০/- |
| ৭. | রাজবাড়ী মাঠের বিভিন্ন গত বালু দ্বারা ভরাট করণ। | ৩,৮১,৫০০/- |

| | | |
|---|---|---|
| ৮. | পাগাড় ছালামের আটারকল স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত প্যানেলবোর্ড মেরামত, টঙ্গী ফায়ার সার্ভিস সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড মেরামত, উচ্চ জলাধার সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের সাব-স্টেশন মেরামত করন এবং শিলমুন সুইচ ভাল্ব পরিবর্তন করন কাজ । | ৪,৯২,৮৬৮/- |
| ৯. | পাগাড় মডার্ন ফেক্টরী সংলগ্ন উৎপাদক নলকূপ মেরামত, পূর্ব আরিচপুর গাজীবাড়ী স্থাপিত উৎপাদক নলকূপের কলাম পাইপ বর্দ্ধীত করন, মরকুন কবরস্থান, জামাইবাজার সংলগ্ন, মধুমিতা রেলগেইট, মরকুন টিএন্ডটি রোড সুইচ ভাল্ব মেরামত ও স্থাপন করন, পাগাড় গোপালপুর স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড মেরামত, এবং আরিচপুর স্কুল সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড মেরামত ও রেলগেইট রোড সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের সাব-স্টেশন মেরামত করন কাজ । | ৪,৬৪,২৭৮/- |
| ১০. | দত্তপাড়া কাজিমভিলা সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত ও প্যানেলবোর্ড মেরামত, মধুমিতা (পশ্চিম) স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত ও টঙ্গী পশু হাসপাতাল সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড মেরামত এবং টিএন্ডটি ঈদ গাঁ সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের সাব-ষ্টেশন এর ওয়েল সিল, ওয়েল পরিবর্তন করন কাজ । | ৪,৮৬,০৩৪/- |
| ১১. | আউচপাড়া মোক্তারবাড়ী রোড সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত, মরকুন কোকাকোলা স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত, স্কুইব রোড, পাগাড় ফকিরমার্কেট স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড মেরামত, পাগাড় ফকির মার্কেট রোডে ও গোপালপুর মসজিদ সংলগ্ন সুইচ ভাল্ব পরিবর্তন করন কাজ । | ৪,৬১,৭৭৮/- |
| ১২. | আনোয়ার সিল্ক সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত, বনমালা (পশ্চিম) স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত প্যানেল বোর্ড মেরামত, পাগাড় মর্ডার্ন ফেক্টরী সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের কলাম পাইপ বর্দ্ধীত করন, নোয়াগাও স্কুল সংলগ্ন পাইপ লাইন লিকেজ মেরামত এবং সুইচ ভাল্ব মেরামত ও স্থাপন করন কাজ । | ৪,৭১,৯৮৪/- |
| ১৩. | মরকুন সরকারী প্রাইমারী স্কুল সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত প্যানেলবোর্ড মেরামত ও টঙ্গী গরুরবাজার সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড মেরামত, গোপালপুর (পূর্ব) উৎপাদক নলকূপের প্যানেলবোর্ড মেরামত এবং মধুমিতা রোডে ইন্টারকানেকশান করন কাজ । | ৪,৮৫,৫৬৪/- |
| ১৪. | টঙ্গী মিলগেইট সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত প্যানেলবোর্ড মেরামত, দত্তপাড়া প্রাইমারী স্কুল সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের প্যানেল বোর্ড মেরামত, কলাবাগান রোডে পাইপ লাইন লিকেজ মেরামত, বড় দেওড়া মিস্ত্রিবাড়ী ও স্কুইব রোডে সুইচ ভাল্ব স্থাপন ও মেরামত করন কাজ । | ৪,৭২,১১৮/- |
| ১৫. | টঙ্গীবাজার কাচারী সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত ও কলাম পাইপ বর্দ্ধীত করন, বনমালা, পশু হাসপাতাল, সাহাজউদ্দিন সরকার স্কুল সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপ প্যানেলবোর্ড মেরামত, পাগাড় বোগদাদীয়া মসজিদ সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের সাব-ষ্টেশন মেরামত করন এবং শিলমুন, আউচপাড়া, খা-পাড়া, দত্তপাড়া রোডে সুইচ ভাল্ব মেরামত ও পরিবর্তন করন কাজ। | ৪,৯৫,৭৭০/- |
| ১৬. | গাজীপুর সিটি কর্পোরেশন উচ্চ জলাধার সংলগ্ন স্থাপিত উৎপাদক নলকূপের জন্য ০১ (এক) টি সাব-মারছিবল মটর ক্রয় করন কাজ। | ৪,৯৭,৪০২/- |
| ১৭. | পূর্ব আরিচপুর মাতাব্বর মার্কেট স্থাপিত উৎপাদক নলকূপ মেরামত, শিলমুন স্থাপিত উৎপাদক নলকূপ ০২ (দুই) টি মেরামত করন কলাম পাইপ বর্দ্ধীত করন কাজ। | ৪,৯১,২২৮/- |
| ১৮. | গাজীপুর সিটি কর্পোরেশনের অঞ্চল-০২ ও ০৩ এর ডিপিপি ৬৬০, ১৫১০ এবং ৩৮২৮ কোটি টাকার প্রকল্পের প্যাকেজ নং- GCC RD-018, 022, 024, 048, PW-04, 06, 07, 08, 10, 11, Zone-02 RD- 02 ও 04 এর ডিজিটাল সার্ভে কাজ। | ৪,৯৬,৪৯৬/- |

| | | |
|---|---|---|
| ০৫. বর্জ্য ব্যবস্থাপনা প্রসঙ্গে আলোচনা;<br><br>আলোচনা :- সভায় উপস্থিত কাউন্সিলরগন জানান যে, মাননীয় মেয়র মহোদয়ের আন্তরিক প্রচেষ্টায় ভয়াবহ ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলা করা সম্ভব হয়েছে। এতে গাজীপুরসহ সারা দেশে মাননীয় মেয়র এর সুনাম বৃদ্ধি পেয়েছে। বর্তমানে গাজীপুর সিটি কর্পোরেশনের অন্যতম প্রধান সমস্যা হলো বর্জ্য ব্যবস্থাপনা সমস্যা। এ প্রসঙ্গে মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান যে, মূলত: ডাম্পিং ষ্টেশনের অভাবে ময়লা অপসারণে সমস্যা হচ্ছে। ডাম্পিং ষ্টেশনের জন্য জমি অধিগ্রহণ এবং জমি ক্রয়ের উদ্যেগ নেয়া হয়েছে। এ বিষয়ে তিনি সকল ওয়ার্ড কাউন্সিলরের সহযোগিতা কামনা করেন।<br>৪৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ শাহ আলম রিপন সভাকে জানান যে, ডাম্পিং এ ময়লা রাখা যাচ্ছেনা। ফলে বিসিক শিল্প নগরীসহ আশে পাশে এলাকার ময়লা অপসারনে সমস্যা হচ্ছে। অপরদিকে ৪০নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ আজিজুর রহমান সভাকে জাননা যে, বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে বিভিন্ন সংবাদ মাধ্যমে অসত্য খবর পরিবেশন করা হচ্ছে। মাননীয় মেয়র মহোদয় বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে যে সকল প্রদক্ষেপ নিয়েছেন তা সঠিক। ভবিষ্যতে বর্জ্য ব্যবস্থাপনায় আমূল পরিবর্তন আসবে বলে আশা করা যাচ্ছে। উপস্থিত কাউন্সিলরগন জানান যে, কাউন্সিলরের সুপারিশব্যতীত কোন ওয়ার্ডের ময়লা অপসারনের কাজ যেন দেয়া না হয় সে বিষয়ে প্রদক্ষেপ গ্রহণের প্রস্তাব করেণ। | সিদ্ধান্তঃ- সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>ক) আলোচনান্তে বর্জ্য ব্যবস্থাপনার স্বার্থে ডাম্পিং ষ্টেশন নির্মাণের জন্য প্রয়োজনে জমি ক্রয়ের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে ওয়ার্ড ভিত্তিক জমি নির্বাচনের জন্য সকল কাউন্সিলগনকে অনুরোধ করা হয়।<br>খ) সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলরের সুপারিশ নিয়ে বর্জ্য সংগ্রহ ও অপসারনের কাজ দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |

৩১৯

অতঃপর সভার সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/১১/২০১৯

মোহাম্মদ জাহাঙ্গীর আলম
মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন।
তারিখঃ ১১/১১/২০১৯

স্মারক নংঃ- জিসিসি/প্রশাঃ/সাধাঃ/মাঃসঃ/২০১৯/ ৮১৬ /১(১০০)

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ;**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৩. প্রধান রাজস্ব কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৫. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, জোন-১/২/৩/৪/৫/৬/৭/৮, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৮. মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১০. নির্বাহী প্রকৌশলী (সকল), জোন-১/২/৩/৪/৫/৬/৭/৮, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১১. জনাব ..................................................................
১২. অফিস কপি।

১১/১১/১৯

মোঃ মোস্তাফিজুর রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
গাজীপুর সিটি কর্পোরেশন।